# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩১ বর্ষ ৪র্থ সংখ্যা

১৬ ফাল্গুন ১৪২৩, ২৮ ফেব্রুয়ারি ২০১৭




গত ২১ ফেব্রুয়ারি ২০১৭ এর প্রথম প্রহরে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে পুষ্পস্তবক অর্পণ করেন মহামান্য রাষ্ট্রপতি মো: আব্দুল হামিদ এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

# যথাযোগ্য মর্যাদায় অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

h_v‡hvM¨ ghv©`v I fveMv¤¢xi cwi‡e‡k XvKv wekwe`¨vj‡q MZ 21 †de«qvwi 2017 gnvb knx` w`em I AvšÍR©vwZK gvZ…fvlv w`em mô I kvšÍcY©fv‡e cvjZ n‡q‡Q| GK‡ki c_g cÖni fvlv knx`‡`i cÖZ k×v wb‡e`b Ki‡Z Avmv AvZ¥_‡`i ¯'vMZ Rvbvb

DcvPvh© Aa¨vcK W. Av Av g m Av‡idb wmwÏK| mec_g knx` †e`x‡Z cÖ¯ÍeK AcY© K‡ib ivóªcwZ †gv. Ave`yj nvwg` I cabgš¿x †kL nwmbv| Gici k×v wb‡e`b K‡ib RvZxq msm‡`i w¯úKvi W. wkixb kwigb †PŠaix, we‡ivax`jxq †bÎx iIkb Gikv`mn Ab¨vb¨iv|

DcvPvh© Aa¨vcK W. Av Av g m Av‡idb wmwÏ‡Ki †bZ…‡Z wmÛy‡KU, wmwÛ‡KU m`m¨mn wekwe`¨vj‡qi cÖkvmwbK c`avixe„›`, XvKv wekwe`¨vj‡qi wk¶K mwgwZmn Ab¨vb¨ mwgwZ, wekwe`¨vj‡qi webfb nj cÖfv÷i †bZ…‡Z QvÎ-QvÎxiv knx` †e`x‡Z cÖ¯ÍeK AcY© K‡ib| wekwe`¨vj‡qi KgPvix Ask wn‡m‡e 21 †de«qvwi mKvj 6Uv 30wgwb‡U DcvPvh© Aa¨vcK W. Av Av g m Av‡idb wmwÏK-Gi †bZ…‡Z wekwe`¨vj‡qi wmwbU I wmwÛ‡KU m`m¨e„›`, QvÎ-QvÎx, wk¶K, Kg©KZ©v I KgPvix‡`i GKwU cÖfvZ‡dix AvRwRcyi evmjvi cv`‡`k †_‡K ïiæ n‡q AwRgcyi Kei¯'vb fvlv Av‡›`vj‡bi knx`‡`i Ke‡i k×v Ávcb K‡i †mLv‡b dv‡Zwv cvV Kiv nq| cfvZ‡dix mnKv‡i c‡i †K›`xq knx` wgbv‡i wM‡q cÖ¯ÍeK AcY© Kiv nq| ev` †Rvni wekwe`¨vjq gmwR`j Rwgqv, mKj n‡ji gmwR`Ges wekwe`¨vjq AvewmK GjvKvi gmwR`mn Ab¨vb¨ agxq Dcvmbvj‡q fvlv knx`‡`i i"‡ni gvM‡divZ/kvš— Kvgbv K‡i we‡kl †gvbvRvZ/cÖv_bv Kiv nq|

D‡jL¨, cÖZ eQ‡ii g‡Zv Gev‡ii h_v‡hvM¨ ghv©`vq w`emU cvj‡bi Rb¨ c‡qvRbxq Kvh©µg MÖn‡Yi D‡Ï‡k¨ GKwU kw³kvjx ÔAgi GK‡k D`hvcb †K›`xq mgš^q KwgwUÕ Ges wewfbœ mve-KwgwU MVb Kiv nq|



গত ২১ ফেব্রুয়ারি ২০১৭ এর প্রথম প্রহরে কেন্দ্রীয় শহীদ মিনারে মহামান্য রাষ্ট্রপতি মো: আব্দুল হামিদ এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জানান উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনে সকলের সহযোগিতার জন্য উপাচার্যের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন



Aa¨vcK W. Av Av g m Av‡idb wmwÏK

DcvPvh© Aa¨vcK W. Av Av g m Av‡idb wmwÏK gnvb fvlv Av›`vj‡bi knx`‡`i ¯§iY Ges AvšÍR©vwZK gvZ…fvlv w`em h_v‡hvM¨ ghv©`v I fveMv¤¢xi cwi‡ek eRvq †i‡L kvšÍ I k„Ljvi mv‡_ cvj‡bi Rb¨ me¯Í‡ii RbmvaviY‡K ab¨ev` Rvbv‡q‡Qb|

GK‡k D`hvcb †K›`xq mgš^q KwgwU KZK MnévZ mKj KgmPxi mdj ev¯Íevq‡b QvÎ, wk¶K, KgKZ©v-KgPvix, XvKv wekwe`¨vj‡qi cwie‡ii mKj m`m¨, XvKv †g‡UªvcwjUb cywjk, i¨vemn Ab¨vb¨ AvBb-k„Ljv i¶vKvix ewnbxi m`m¨, evsjv‡`k miKv‡ii msmkø gš¿Yvjqmgn Ges MYgva¨gmn mK‡ji mevZK mn‡hvwMZvi Rb¨ DcvPvh© KZÁZv Ávcb K‡i‡Qb|

## ঢাবি-এ অধিভুক্ত হল রাজধানীর ৭ সরকারি কলেজ

cavbgš¿xi wb‡`©kbv ev¯Íevq‡bi j‡¶¨ wk¶v gš¿Yvj‡qi wm× všÍ cwi‡cÖ¶‡Z XvKv wekwe`¨vj‡q Awaf³ nj ivRavbxi miKvwi mvZwU K‡jR| MZ 16 †de«qvwi 2017 wekwe`¨vj‡qi DcvPvh© `dZi msjMœ jvD‡Ä DcvPvh© Aa¨vcK W. Av Av g m Av‡idb wmwÏ‡Ki mfvcwZ‡Z GB mvZwU miKvwi K‡j‡Ri Aa¨¶‡`i GK mfv AbyôZ nq|

mfvq DcvPvh© D"Pwk¶vi gvb e„w×i j‡¶¨ 7wU miKvwi K‡jR‡K XvKv wekwe`¨vj‡qi Awaf³ Kivi wm×všÍ MnY Kivq gvbbxq cavbgš¿x †kL nwmbv‡K ab¨ev` Rvbvb| wZwb ejb, cavbgš¿xi AvMÖn Abhvqx Zvi j¶¨ ev¯Íevq‡b Avgiv mevB‡K c‡Pó †be| GLb †_‡K GB Awaf³ K‡jR¸‡jvi QvÎ-QvÎx‡`i fwZ© cixÿv, cix¶v XvKv wekwe`¨vjq †_‡K cwiPvjZ n‡e| XvKv wekwe`¨vj‡qi wmwÛ‡KU Abhvqx we"vqZ‡bK Kvh©µgI cwiPvj‡bi e¨e¯'v MnY Kiv n‡e| DcvPvh© G wel‡q Dc¯'Z Aa¨¶‡`i mnvqZv Kvgbv K‡ib|

* ২য় পৃষ্ঠায় দেখুন

### অংশগ্রহণেচ্ছুদের মাঝে কস্টিউম বিতরণ শুরু

## ঢাবি’র ৫০তম সমাবর্তন আগামী ৪ মার্চ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫০তম সমাবর্তন আগামী ৪ মার্চ ২০১৭ শনিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হবে। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত থাকবেন কানাডার ওয়েস্টার্ন ইউনিভার্সিটির প্রেসিডেন্ট ও ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. অমিত চাকমা। অনুষ্ঠানে তাঁকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি ‘ডক্টর অব সায়েন্স’ (Honoris Causa) প্রদান করা হবে। সমাবর্তনে সভাপতিত্ব করবেন মহামান্য রাষ্ট্রপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো: আব্দুল হামিদ। অনুষ্ঠানে বক্তব্য রাখবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং ধন্যবাদ জ্ঞাপন করবেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ।

এই ৫০তম সমাবর্তনের একাডেমিক কস্টিউম বিতরণ কার্যক্রম ২৮ ফেব্রুয়ারি শুরু হয়েছে। আগামী ১ ও ২ মার্চ ২০১৭ সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত কস্টিউম বিতরণ চলবে। সমাবর্তনে অংশগ্রহণকারীদের নির্ধারিত সময়ের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদ ভবন, বিজ্ঞান ক্যাফেটেরিয়া (কার্জন হল), বিজনেস স্টাডিজ অনুষদ ভবন, সামাজিক বিজ্ঞান অনুষদ ভবন, ছাত্র-শিক্ষক কেন্দ্র এবং নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন থেকে একাডেমিক কস্টিউম সংগ্রহ করতে হবে এবং ৪ মার্চ সমাবর্তন শেষ হওয়ার পর ফেরত দিতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য, সিন্ডিকেট সদস্য, একাডেমিক পরিষদের সদস্য, সকল অনুষদের ডিন, সকল শিক্ষক, কনস্টিটুয়েন্ট কলেজের অধ্যক্ষ/ইনস্টিটিউটসমূহের পরিচালকদের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন থেকে কস্টিউম সংগ্রহ করতে হবে।

কলা অনুষদভুক্ত বিভাগসমূহ এবং আধুনিক ভাষা ইনস্টিটিউটের গ্র্যাজুয়েটদের কলা অনুষদ ভবন থেকে একাডেমিক কস্টিউম সংগ্রহ করতে হবে।

বিজ্ঞান, আইন, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদভুক্ত বিভাগসমূহ এবং পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট, তথ্য প্রযুক্তি

* ২য় পৃষ্ঠায় দেখুন



গত ১৬ ফেব্রুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সাতটি সরকারি কলেজের অধ্যক্ষদের এক সভা অনুষ্ঠিত হয়। ছবিতে উপাচার্যের সাথে সাতটি সরকারি কলেজের অধ্যক্ষদের দেখা যাচ্ছে।



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গত ২১শে ফেব্রুয়ারি ২০১৭ একুশের প্রথম প্রহরে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক-এর নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনারের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গত ২১শে ফেব্রুয়ারি ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ কেন্দ্রীয় শহীদ মিনারের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন।

# ঢাবি'র ৫০তম সমাবর্তন আগামী ৪ মার্চ

(১ম পৃষ্ঠার পর)
ইনস্টিটিউট, শক্তি ইনস্টিটিউট, লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, হোমিওপ্যাথিক, আয়ুর্বেদিক এবং ইউনানী কলেজের গ্র্যাজুয়েটদের কার্জন হলের বিজ্ঞান ক্যাফেটেরিয়া থেকে কস্টিউম সংগ্রহ করতে হবে।

বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহ এবং ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট-এর গ্র্যাজুয়েটদের বিজনেস স্টাডিজ অনুষদ ভবন থেকে কস্টিউম সংগ্রহ করতে হবে ।

সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহ, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট এবং ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি ইনস্টিটিউট, স্কুল অব ব্যাংক ম্যানেজমেন্ট ও সিভিল সার্ভিস কলেজের গ্র্যাজুয়েটদের সামাজিক বিজ্ঞান অনুষদ ভবন থেকে একাডেমিক কস্টিউম সংগ্রহ করতে হবে।

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, শিক্ষা অনুষদ, চিকিৎসা অনুষদ, স্নাতকোত্তর চিকিৎসা বিজ্ঞান ও গবেষণা অনুষদ, গার্হস্থ্য অর্থনীতি কলেজসমূহের গ্র্যাজুয়েটবৃন্দ এবং এম.ফিল, পিএইচডি ও পদকপ্রাপ্তদের ছাত্র-শিক্ষক কেন্দ্র থেকে কস্টিউম সংগ্রহ করতে হবে।

সমাবর্তনে অংশগ্রহণেচ্ছুদের আগামী ৩ মার্চ ২০১৭ শুক্রবার অপরাহ্ন ২:৩০টার মধ্যে সমাবর্তন মহড়ায় অংশগ্রহণের জন্য কার্জন হল মলে উপস্থিত থাকতে অনুরোধ জানানো হয়েছে।

# সত্যকে খোঁজা ও প্রচার করাই মানব ধর্ম-উপাচার্য



"গৌড়ীয় নৃত্য দর্শনে শান্তির বাণী" শীর্ষক "নাজেন্দা-আজিজ ট্রাস্ট বক্তৃতা ২০১৫" গত ১২ জানুয়ারি ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনস্থ সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। স্মারক বক্তৃতা প্রদান করেন রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিয়োজিত রবীন্দ্র অধ্যাপক ড. মহুয়া মুখোপাধ্যায়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও নাজেন্দা-আজিজ ট্রাস্ট তহবিলের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য ও ধন্যবাদ জ্ঞাপন করেন নাজেন্দা-আজিজ ট্রাস্টের দাতা ও নৈতিক উন্নয়ন কেন্দ্রের পরিচালক ইউজিসি অধ্যাপক ড. গালিব আহসান খান। যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে বিশ্ববিদ্যালয়ের নৈতিক উন্নয়ন কেন্দ্র এবং নাজেন্দা-আজিজ ট্রাস্ট ফান্ড।

প্রধান অতিথির বক্তৃতায় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ড. মহুয়া মুখোপাধ্যায়ের শিক্ষা ও কর্মজীবনের বৈচিত্রের ভূয়সী প্রশংসা করেন। মহুয়া মুখার্জী বিজ্ঞানের ছাত্রী হয়েও নৃত্যকলাকে বিদ্যাঙ্গনে নিবিড়ভাবে যুক্ত করে অসাধারণ দৃষ্টান্ত স্থাপন করেছেন। উপাচার্য বলেন, সঙ্গীতের দার্শনিক ভিত্তি অত্যন্ত শক্তিশালী। মুক্তিযুদ্ধের সময় ১৯৭১ সালে জর্জ হ্যারিসনের কনসার্টকে উদাহরণ দিয়ে তিনি বলেন, সংগীতের শক্তি অপরিসীম। তাই সঙ্গীতের শক্তি নিয়ে কাজ করে যেতে হবে। ধর্মের নামে আজ মানুষকে নিপীড়ন করা হচ্ছে, তা অধর্ম। দেশের অসহিষ্ণু অবস্থায় আমরা শান্তি খুঁজে বেড়াচ্ছি। উপাচার্য আরও বলেন, সত্য চিরন্তন, সত্যকে খোঁজা ও প্রচার করাই মানব ধর্ম। দর্শনের মূল কথাই হলো শান্তি। শান্তির বাণী মনে রেখে সমাজে, দেশে ও বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় আমাদের কাজ করতে হবে। প্রকৃত ধর্ম হলো সত্য অনুন্ধানী, সত্য হলো মানব ধর্মের চিরন্তনতা। উপাচার্য স্মারক বক্তৃতার উদ্ধৃতি দিয়ে বলেন, সকল মতকে গ্রহণ করে সমাজে সহিষ্ণুতা সৃষ্টি হলে শান্তির বাতাবরণ সৃষ্টি হবে। বিভিন্ন বিষয়ের অন্তর্নিহিত লক্ষ্য হলো অন্তদৃষ্টি তৈরী করা, দূরদৃষ্টি সম্পন্ন সত্যনিষ্ঠ মানুষ তৈরী করা। শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে শিক্ষার্থীদের দর্শনের শিক্ষায় আগ্রহী করে তুলতে শিক্ষকদের প্রতি উপাচার্য আহ্বান জানান।

# ঢাবি-এ অধিভুক্ত হল রাজধানীর ৭ সরকারি কলেজ

(১ম পৃষ্ঠার পর)
K‡jR¸‡jv n‡"Q- XvKv K‡jR, B‡Wb gwnjv K‡jR, miKvwi knx` ‡mvnivIqv`x K‡jR, Kwe bRi"j K‡jR, †eMg e`i"‡bmv miKvwi gwnjv K‡jR, wgici miKvwi evsjv K‡jR I miKvwi wZZgxi K‡jR| Gme K‡j‡R Abvm I gv÷vm chv‡q eZgv‡b 1,67,236 Rb QvÎ-QvÎx Ges 1,149 Rb wk¶K i‡q‡Qb|

mfvq Dcw¯Z wQ‡jb XvKv wekwe`¨vj‡qi †cv-DcvPvh (wk¶v) Aa¨vcK W. bvmixb Avngv`, XvKv K‡j‡Ri Aa¨¶ Aa¨vcK †gvqv¾vg †nv‡mb †gvjøv, B‡Wb gwnjv K‡j‡Ri Aa¨¶ Aa¨vcK MvqÎx P¨vUvRx, miKvwi knx` †mvnivIqv`x K‡j‡Ri Aa¨¶ Aa¨vcK †kL Avãj KÏm, Kwe bRi"j miKvwi K‡j‡Ri Aa¨¶ (fvicÖvß) gwš³ ivYx mvnv, †eMg e`i"‡bmv miKvwi gwnjv K‡j‡Ri Aa¨¶ (fvicÖvß) W. `xwcKv †`Iqvb, wgici miKvwi evsjv K‡j‡Ri Aa¨¶ Aa¨vcK †gv: Bgvg †nv‡mb Ges miKvwi wZZgxi K‡j‡Ri Aa¨¶ Aa¨vcK Ave`yj nvq`vi Avn‡g` bv‡Qi, XvKv wekwe`¨vj‡qi †iwR÷vi (fvicÖvß) †gv: GbvgD¾vgvb, cix¶v wbqš¿K †gv: evnvjj nK †PŠaix Rbms‡hvM `dZ‡ii cwiPvjK (fvicÖvß) W. bi-B-Bmjvg, K‡jR cwi`kK (fvicÖvß) †gv: †gv¯wdRi ingvb Ges wnmve cwiPvjK (fvicÖvß) gnv¤§` Avãj KÏm †gvjøv|

# অধ্যাপক মোহাম্মদ রুহুল আমিনের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামিক স্টাডিজ বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. মোহাম্মদ রুহুল আমিন-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন। গত ১৯ ফেব্রুয়ারি ২০১৭ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ড. মোহাম্মদ রুহুল আমিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন নিবেদিতপ্রাণ শিক্ষক ছিলেন। তিনি দীর্ঘদিন বিশ্ববিদ্যালয়ে ইসলামিক স্টাডিজ বিভাগে শিক্ষকতা করেছেন এবং নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন। বিভাগীয় প্রশাসনিক ও একাডেমিক কাজে তাঁর ভূমিকা বিশ্ববিদ্যালয়ে স্মরণীয় হয়ে থাকবে। উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। অধ্যাপক ড. মোহাম্মদ রুহুল আমিন ১৯৫৪ সালের ১ মার্চ চাঁদপুর জেলায় জন্মগ্রহণ করেন।

উল্লেখ্য, অধ্যাপক ড. মোহাম্মদ রুহুল আমিন গত ১৮ ফেব্রুয়ারি ২০১৭ তার ধানমন্ডিস্থ বাসভবনে অসুস্থাবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৩ বছর। তিনি স্ত্রী, দুই ছেলে, আত্মীয়স্বজনসহ বহু গুণগ্রাহী রেখে গেছেন।

# ঢাবি ক্লাবের প্রীতিসম্মিলনী



ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের উদ্যোগে স্বাতন্ত্র্য বৈশিষ্ট্য ও বৈচিত্র্যময় আঙ্গিকে বৃহত্তম প্রীতিসম্মিলনী গত ২৮ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের বিভিন্ন পর্ব উপভোগ করেন। এসময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জমান ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ক্লাব সভাপতি অধ্যাপক এবিএম শহিদুল ইসলাম ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোহাম্মদ বাহাউদ্দিনসহ ক্লাবের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অধ্যাপক ড. অজয় রায় ও অধ্যাপক কে এ এম সা'দউদ্দিনকে ক্লাব সম্মাননা প্রদান করা হয়। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের নাট্যোৎসব

# সবার আগে মাতৃভাষা তারপর বিদেশী ভাষা-উপাচার্য



ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের নাট্যোৎসব গত ২১ ফেব্রুয়ারি ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর, এমপি। নাট্যোৎসব উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। উদ্বোধনী বক্তব্যে উপাচার্য বলেন, সবার আগে মাতৃভাষা, তারপর বিদেশী ভাষা।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো: দেলোয়ার হোসেন। সভাপতিত্ব করেন থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের চেয়ারম্যান সুদীপ চক্রবর্তী।

প্রধান অতিথির বক্তব্যে আসাদুজ্জামান নূর বাংলা ভাষা শুদ্ধ করে ব্যবহার করার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বাংলা ভাষার বিকৃতি রোধে শিক্ষক, অভিভাবক ও সংস্কৃতি কর্মীদের উদ্যোগ এবং পৃষ্ঠপোষকতার ওপর গুরুত্বারোপ করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক উদ্বোধনী বক্তব্যে বলেন, একুশ মানে মাথা নত না করা। একুশ মানে চেতনা। আমাদের জাতীয় জীবনে মাঝে মাঝে কিছু বাধা আসে। আমরা এ বাধা মোকাবেলা করার প্রেরণা পাই একুশ থেকে। ভাষা শহীদরা যে উদ্দেশ্য ও চেতনার জন্য প্রাণ দিয়েছেন, তাদের সেই চেতনাকে আমাদের সকলকে ধারণ করতে হবে। শুদ্ধ করে বাংলা ভাষা শিখতে হবে এবং বাংলা ভাষার চেতনাকে লালন করতে হবে। উপাচার্য আরও বলেন, বিদেশী ভাষা শেখার গুরুত্ব আছে তবে সবার আগে শুদ্ধ করে মাতৃভাষা শিখতে হবে, তারপর বিদেশী ভাষা। শুধু তাই নয় বাংলা ভাষার ব্যবহার ও মর্যাদা বৃদ্ধির লক্ষ্যে যথাশীঘ্র সম্ভব সামাজিক যোগাযোগ মাধ্যমে এবং ডিজিটাল পদ্ধতিতে বাংলা ভাষা প্রয়োগ পদ্ধতি ও ব্যবহারের উদ্যোগ গ্রহণ করতে হবে।

উদ্বোধনী পর্ব শেষে মঞ্চস্থ হয় বিভাগীয় শিক্ষার্থী রচিত ও নির্দেশিত নাটক 'অভিনেত্রীর এক সাদা রাত্রি'। নাট্যোৎসব চলে ২৭ ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত।

# আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে দুই বাংলার সংহতি অনুষ্ঠান




'আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস : দুই বাংলার মেলবন্ধন' স্লোগানকে সামনে রেখে ৯দিন ব্যাপী 'সংহতি' অনুষ্ঠান গত ১২ ফেব্রুয়ারি ২০১৭ কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর থেকে শুরু হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়, কোলকাতা সেন্ট জেভিয়ার্স কলেজ ও বঙ্গ সাহিত্য সমিতি যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক কেন্দ্রীয় শহীদ মিনারে মশাল প্রজ্বলনের মাধ্যমে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রতি বছর এই সংহতি অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের চেয়ারপার্সন ড. লীনা তাপসী, বাংলাদেশ-ভারত-পাকিস্তান পিপল্স ফোরামের প্রতিনিধি ভানুরঞ্জন চক্রবর্তী, ফ্রেন্ডস ফর বাংলাদেশ-এর কো-অর্ডিনেটর এ এস এম শামসুল আরেফিন, সংহতি-২০১৭ এর আহ্বায়ক দীপন দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান ভাষা শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, বাংলা ভাষার মর্যাদা রক্ষায় তরুণ প্রজন্মকে এগিয়ে আসতে হবে। বাংলা ভাষা সঠিকভাবে শিখতে হবে এবং শুদ্ধরূপে বাংলা বলতে ও লিখতে হবে। বিশ্বায়নের প্রতিযোগিতায় টিকে থাকতে অন্য ভাষাও শেখা দরকার, তবে বাংলাকেই অগ্রাধিকার দিতে হবে। তিনি বলেন, বাংলাদেশ এবং ভারতের মধ্যে ইতিহাস, ঐতিহ্য, সাহিত্য, সংস্কৃতি ও ভাষাগত সংহতি বিরাজ করছে। দু'দেশের মানুষের মধ্যে বিরাজমান সম্পর্ক আরও নিবিড় করতে এখন মনের সংহতি দরকার।

আলোচনা পর্ব শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়, কোলকাতা সেন্ট জেভিয়ার্স কলেজ ও বঙ্গ সাহিত্য সমিতির যৌথ উদ্যোগে সংহতি পদযাত্রা বের করা হয়। পদযাত্রায় কোলকাতার সেন্ট জেভিয়ার্স কলেজের ৫জন শিক্ষার্থী, বঙ্গ সাহিত্য সমিতির নেতৃবৃন্দ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। পদযাত্রাটি কোলকাতার সেন্ট জেভিয়ার্স কলেজে গিয়ে শেষ হবে।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

## রাশিয়ান নাট্য প্রতিনিধিদল

রাশিয়ার রুশ নাট্য বিশ্ববিদ্যালয় (জিআইটিএস)-এর নির্দেশনা অনুষদের ডিন অধ্যাপক ভ্লাদিমির বাইচার-এর নেতৃত্বে একটি নাট্য প্রতিনিধিদল গত ১১ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন- পলিনা এলিসিভা, মারিনা সুভোরোভা, সেরগেই ফাতিয়ানভ প্রমুখ।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. ইসরাফিল শাহীনসহ বিভাগের কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

নাট্য প্রতিনিধিদলকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানিয়ে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, বাংলাদেশ ও রাশিয়ার মধ্যে দীর্ঘদিন ধরে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। রাশিয়া তথা তৎকালীন সোভিয়েত ইউনিয়ন বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় আন্তরিক সহযোগিতা করেছে। স্বাধীনতার পরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাশিয়া সফর করেন। শিক্ষা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে উভয় দেশের মধ্যে যে সম্পর্ক রয়েছে আজকের এই সফর সেই সম্পর্ককে আরও মজবুত করবে বলে তিনি উল্লেখ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে রাশিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান পারস্পরিক সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও বৃদ্ধি পাবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন। উপাচার্য মুক্তিযুদ্ধ পরবর্তীকালে চট্টগ্রাম বন্দরে মাইন অপসারণকালে রাশিয়ার সৈন্যদের অবদানের কথা স্মরণ করেন।

প্রতিনিধিদলের নেতা অধ্যাপক ভ্লাদিমির বাইচার বলেন, ঢাকায় তিনি দ্বিতীয়বার এসেছেন। তিনি মনে করেন এখানে অনেক সত্যিকারের বন্ধু আছে। দুই দেশের অবস্থান ও সংস্কৃতি অনেক দূরের হতে পারে কিন্তু দুই দেশের প্রকৃত শিল্পের ভাষা এক।

উল্লেখ্য, রাশিয়ার ১৯-সদস্য বিশিষ্ট এই প্রতিনিধিদলটি ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং ঢাকাস্থ রুশ দূতাবাসের আয়োজনে বাংলাদেশ সফর করে। প্রতিনিধিদলের অন্যান্য সদস্য হলেন- নাতালিয়া বেলিয়ায়েভা, তাতিয়ানা ফেদিয়ুশিনা, আইভান কোঝেভনিকভ, ইউরি গলিশেভ, আন্দ্রেই বগদানভ, সেরগেই কিরিয়ুশকিন, ভিক্তর রিয়াভব, আলেক্সান্দার গ্রিয়াজনভ, লিওনিদ কাভারগিন, ভ্লাদিমির সিমোনভ, সেরগেই বিচকভ, বরিস দিরচিকভ এবং এলেনা সিমোনভা। প্রতিনিধিদল আন্তন চেখভের নাটক গাংচিল অবলম্বনে চেখভ ও গাংচিল শিল্পকলা একাডেমিতে পরিবেশন করে। প্রতিনিধিদল উপাচার্যের সাথে সাক্ষাৎকালে তাঁর বাসভবনে নাটকের একটি অঙ্কের উপস্থাপনা প্রদর্শন করে।

## মালয়েশিয়ার প্রতিনিধিদল

মালয়েশিয়ার ন্যাশনাল ডিফেন্স ইউনিভার্সিটির সেন্টার ফর রিসার্চ এন্ড ইনোভেশন ম্যানেজমেন্টের পরিচালক অধ্যাপক ড. আজিজি বিন মিসকন-এর নেতৃত্বে ২-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৪ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্য ছিলেন ইউনিভার্সিটি টেকনোলজি মালয়েশিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান অধ্যাপক ড. নরলিজা মোহাম্মদ নূর।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মো: আতিকুর রহমান আহাদ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়, মালয়েশিয়ার ন্যাশনাল ডিফেন্স ইউনিভার্সিটি এবং ইউনিভার্সিটি টেকনোলজি মালয়েশিয়ার মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এসব বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, গবেষক ও শিক্ষার্থী বিনিময় নিয়েও আলোচনা করা হয়। এ বিষয়ে শিগ্গিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্য প্রকাশ করেন।

## যুক্তরাষ্ট্রের ইমেরিটাস অধ্যাপক

যুক্তরাষ্ট্রের ওহিও বিশ্ববিদ্যালয় মিডিয়া আর্টস এন্ড স্টাডিজ বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. ডেভিড এইচ. মোল্ড গত ১৫ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। তাঁর সঙ্গে ছিলেন ঢাকাস্থ ইউনিসেফ অফিসের কমিউনিকেশন ফর ডেভেলপমেন্ট বিভাগের প্রধান মিজ নেহা কাপিল এবং একই বিভাগের বিশেষজ্ঞ মিজ ইয়াসমিন খান।

এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ওহিও বিশ্ববিদ্যালয় এবং ইউনিসেফ-এর মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

## ব্রিটিশ এমপি

যুক্তরাজ্যের এমপি ড. রূপা হক গত ১৫ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এ সময় তাঁর সঙ্গে উচ্চপদস্থ কর্মকর্তা এবং পরিবারের সদস্যবৃন্দ ছিলেন।

সংক্ষিপ্ত এই সাক্ষাৎকালে উপাচার্য অধ্যাপক ড. আরেফিন সিদ্দিক ব্রিটিশ এমপি ড. রূপা হককে বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানিয়ে তাঁকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস সম্পর্কে অবহিত করেন। এ সময় ড. রূপা হক এমপি উপাচার্য অফিস ঘুরে দেখেন এবং উপাচার্য অফিসে টাঙ্গানো বিভিন্ন ঐতিহাসিক আলোকচিত্র সম্পর্কে ধারণা নেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য ব্রিটিশ এমপি ড. রূপা হককে ধন্যবাদ জানান।

এর আগে ড. রূপা হক ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগ পরিদর্শন করেন এবং সেখানে বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীদের সাথে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন।

## মিশরের কূটনীতিক

বাংলাদেশে নিযুক্ত মিশরের ডেপুটি হেড অব মিশন আহমেদ জাকি গত ২৩ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আরবি বিভাগের কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে মিশরের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম নিয়ে মতবিনিময় করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে মিশরের আল-আজহার বিশ্ববিদ্যালয় এবং কায়রো বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনা এবং আরবি বিষয়ক স্কলার বিনিময় সংক্রান্ত একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরের বিষয়ে তাঁরা ঐকমত্য হন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

## ভারতের ভিআইটি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর

ভারতের ভিআইটি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর এবং তামিল নাড়ুর প্রাক্তন মন্ত্রী ড. জি. বিশ্বনাথান গত ২৩ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

এসময় ভিআইটি বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট জি. ভি. সেলভাম, বাংলাদেশের ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য ড. ইউসুফ এম ইসলাম এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এ আই মোস্তফা উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে ভারতের ভিআইটি বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা নিয়ে মতবিনিময় করেন। এছাড়া, তাঁরা একে অপরকে নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস, শিক্ষা ও গবেষণা কার্যক্রম অবহিত করেন। পরে, ভারতের ভিআইটি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর এবং তাঁর সফরসঙ্গীরা ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ঘুরে দেখেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদেরকে ধন্যবাদ জানান।



বাংলাদেশে নিযুক্ত মিশরের ডেপুটি হেড অব মিশন আহমেদ জাকি গত ২৩ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

## ইন্ডিয়া লেজার এসোসিয়েশনের প্রাক্তন প্রেসিডেন্ট

ভারতের 'ইন্ডিয়া লেজার এসোসিয়েশন'-এর প্রাক্তন প্রেসিডেন্ট ও আইআইটি দিল্লীর ডিপার্টমেন্ট অব সায়েন্স এন্ড টেকনোলজির উপদেষ্টা অধ্যাপক সতীশ সি অ্যাবি গত ২২ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জিনাত ইমতিয়াজ আলী উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে উপাচার্য তাঁকে একটি সম্মাননা ক্রেস্ট প্রদান করেন।



যুক্তরাজ্যের এমপি ড. রূপা হক গত ১৫ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এ সময় তাঁর সঙ্গে উচ্চপদস্থ কর্মকর্তা এবং পরিবারের সদস্যবৃন্দ ছিলেন।



মালয়েশিয়ার ন্যাশনাল ডিফেন্স ইউনিভার্সিটির সেন্টার ফর রিসার্চ এন্ড ইনোভেশন ম্যানেজমেন্টের পরিচালক অধ্যাপক ড. আজিজি বিন মিসকন-এর নেতৃত্বে ২-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৪ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।



যুক্তরাষ্ট্রের ওহিও বিশ্ববিদ্যালয় মিডিয়া আর্টস এন্ড স্টাডিজ বিভাগের ইমেরিটাস অধ্যাপক ড. ডেভিড এইচ. মোল্ড গত ১৫ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।



অস্ট্রেলিয়ার আরএমআইটি ইউনিভার্সিটির স্কুল অব বিজনেস আইটি এন্ড লজিস্টিক-এর প্রধান অধ্যাপক ক্যারোলিন চ্যান এবং উপ-প্রধান (রিসার্চ এন্ড ইনোভেশন) অধ্যাপক শামস্ রহমান গত ৮ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেন।



রাশিয়ার রুশ নাট্য বিশ্ববিদ্যালয় (জিআইটিএস)-এর নির্দেশনা অনুষদের ডিন অধ্যাপক ভ্লাদিমির বাইচার-এর নেতৃত্বে একটি নাট্য প্রতিনিধিদল গত ১১ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করে।



ভারতের ভিআইটি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর এবং তামিল নাড়ুর প্রাক্তন মন্ত্রী ড. জি. বিশ্বনাথান গত ২৩ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

# শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদ আয়োজিত শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ১০ ফেব্রুয়ারি ২০১৭ অনুষদের বকুলতলায় অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা কমিটির আহ্বায়ক অধ্যাপক মোস্তাফিজুল হক, বিভিন্ন বিভাগের শিক্ষক, প্রতিযোগী এবং তাদের অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ভাষা আন্দোলনের শহীদদের স্মরণ করেন। তিনি শিশু-কিশোরদের শুদ্ধভাবে বাংলা ভাষা ব্যবহারের পরামর্শ দেন। মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনাকে ধারণ করে শিশু-কিশোরদের গড়ে তোলার জন্য অভিভাবকদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, সকালে প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।



প্রতিযোগিতার মাধ্যমে নির্বাচিত ৫০টি ছবি ৪ফুট × ৮ ফুট মাপে ডিজিটাল প্রিন্ট করে শহীদ মিনার সংলগ্ন এলাকায় একুশে ফেব্রুয়ারির মূল অনুষ্ঠানের অংশ হিসেবে প্রদর্শিত হয়।



*জ্ঞানতাপস আব্দুর রাজ্জাক ফাউন্ডেশনের উদ্যোগে "জ্ঞানতাপস আব্দুর রাজ্জাক গুণীজন বক্তৃতামালা" গত ৩০ জানুয়ারি ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনস্থ সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। এতে মূল বক্তা ছিলেন অধ্যাপক রেহমান সোবহান এবং স্বাগত বক্তব্য প্রদান করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ।*

# এক শিক্ষার্থীকে বেগম সুরাইয়া ইমদাদ স্মৃতি বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৫ সনে কলা অনুষদভুক্ত সকল বিভাগের মধ্যে বিএ (অনার্স) ফাইনাল পরীক্ষায় ছাত্রীদের মধ্যে সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ইসলামিক স্টাডিজ বিভাগের ছাত্রী হুমায়রা বিনতে কবিরকে "বেগম সুরাইয়া ইমদাদ স্মৃতি বৃত্তি" প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ৭ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য লাউঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃত্তিপ্রাপ্ত ছাত্রীর হাতে বৃত্তির চেক তুলে দেন।



কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো: দেলোয়ার হোসেন, ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ, বেগম সুরাইয়া ইমদাদ স্মৃতি ট্রাস্ট ফান্ডের দাতা ড. মোহাম্মদ পারভেজ ইমদাদ এবং বৃত্তিপ্রাপ্ত ছাত্রী হুমায়রা বিনতে কবির। এসময় ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রয়াত বেগম সুরাইয়া ইমদাদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি ছিলেন একজন শিক্ষানুরাগী মহিয়সী নারী। তাঁর নামে প্রতিষ্ঠিত ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতি বছর বৃত্তি প্রদানের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে তাঁর স্মৃতি ধরে রাখা হবে। এ ধরণের বৃত্তি শিক্ষার্থীদের মাঝে অণুপ্রেরণা যোগায় বলে উপাচার্য উল্লেখ করেন।

উপাচার্য বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি দেশ-প্রেম, সততা, নৈতিকতা, মূল্যবোধ এবং মানবতা সেবার ক্ষেত্রে সর্বোচ্চ সিজিপিএ অর্জনের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

# তিন মেধাবী শিক্ষার্থীর নুজহাত জাহাঙ্গীর স্মারক বৃত্তি লাভ



২০১৫ সালের বিএসএস সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ৩জন মেধাবী শিক্ষার্থী 'নুজহাত জাহাঙ্গীর স্মারক বৃত্তি' লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন- মো: ইসলামুল হক (অর্থনীতি), শেখ রোকাইয়া হাসান (সমাজবিজ্ঞান) এবং অনিকা ইনতেছার (নৃ-বিজ্ঞান)। গত ৫ ফেব্রুয়ারি ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে সাবেক স্বরাষ্ট্র মন্ত্রী ড. মহীউদ্দীন খান আলমগীর, অর্থনীতি বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নাজমা বেগম, সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. নেহাল করিম, নৃ-বিজ্ঞান বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন ড. ফারহানা বেগম, প্রয়াত নুজহাত জাহাঙ্গীরের স্বামী এবং ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক ড. বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর এবং দাতার ছেলে অধ্যাপক ড. নাদিম জাহাঙ্গীর বক্তব্য রাখেন। ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মুনতাসীর উদ্দিন খান মামুন স্বাগত বক্তব্য দেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন এবং ট্রাস্ট ফান্ডের দাতাকে ধন্যবাদ জানান। তিনি বলেন, শান্তিপূর্ণ দেশ গঠনের লক্ষ্যে শিক্ষার্থীদের মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ হতে হবে।

পরে, ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর তাঁর ছোট ভাই ড. হেলাল উদ্দিন খান শামসুল আরেফিনের নামে নতুন একটি ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে ২৫ লাখ টাকার একটি চেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের কাছে হস্তান্তর করেন। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় নৃ-বিজ্ঞান বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. হেলাল উদ্দিন খান শামসুল আরেফিন সম্প্রতি ৬৮ বছর বয়সে ইন্তেকাল করেন।

# তিন শিক্ষার্থীকে অ্যাডভোকেট ওজায়ের ফারুক স্মৃতি বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগের ১ম বর্ষ এলএল.বি. (সম্মান) পরীক্ষায় 'ল' অব কন্ট্রাক বিষয়ে সর্বোচ্চ জিপিএ অর্জন করায় ৩জন মেধাবী শিক্ষার্থীকে "সিনিয়র অ্যাডভোকেট ওজায়ের ফারুক স্মৃতি বৃত্তি" প্রদান করা হয়েছে। বৃত্তিপ্রাপ্তরা হলেন - সাইমী ওয়াদুদ, মো: আজহার উদ্দীন ভূঁইয়া এবং জান্নাতুল ফেরদৌস। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ৬ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য লাউঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক ও ক্রেস্ট তুলে দেন।



আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. বোরহান উদ্দিন খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো: রহমত উল্লাহ, অধ্যাপক ড. মিজানুর রহমান, সহকারী অধ্যাপক তাসলিমা ইয়াসমীন এবং অ্যাডভোকেট ওজায়ের ফারুকের ছেলে ব্যারিস্টার মোহাম্মদ ইমতিয়াজ ফারুক। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রয়াত অ্যাডভোকেট ওজায়ের ফারুকের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, অ্যাডভোকেট ওজায়ের ফারুক ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের ছাত্র ছিলেন। তিনি এই বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য হিসেবে অসাধারণ অবদান রেখে গেছেন। তিনি সব সময় প্রাণবন্ত, দেশ-প্রেমিক এবং মুক্তিযুদ্ধের চেতনার পক্ষে একজন নিবেদিতপ্রাণ মানুষ ছিলেন।

উপাচার্য বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের আন্তরিক অভিনন্দন জানান এবং অ্যাডভোকেট ওজায়ের ফারুকের আদর্শ অনুসরণ করে সৎ, দেশপ্রেমিক ও নৈতিক মূল্যবোধ সম্পন্ন মানুষ হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

# শহীদ রনদা প্রসাদ রায় একাডেমিক এক্সিলেন্স এ্যাওয়ার্ড পেলেন দুই কৃতী ছাত্রী

২০১৬ সালের বিএস সম্মান পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের দু'জন কৃতী ছাত্রীকে "শহীদ রনদা প্রসাদ রায় এ্যাওয়ার্ড অব একাডেমিক এক্সিলেন্স" প্রদান করা হয়েছে। এ্যাওয়ার্ডপ্রাপ্ত ছাত্রীরা হলেন- শিখা সাহা ও জ্যোতি দাস। গত ২৯ জানুয়ারি ২০১৭ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের হাতে এ্যাওয়ার্ড তুলে দেন।



এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মণ্ডল, ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: আব্দুস ছামাদ, ইউজিসি অধ্যাপক ড. মো: আনোয়ার হোসেন, জগন্নাথ হলের প্রভোস্ট অধ্যাপক ড. অসীম সরকার এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অসাম্প্রদায়িক চেতনায় উদ্বুদ্ধ হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, দেশে সামাজিক সম্প্রীতি প্রতিষ্ঠায় শিক্ষার্থীদের নিরলসভাবে কাজ করতে হবে।

উল্লেখ্য, শহীদ রনদা প্রসাদ রায় ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের ছাত্র ছিলেন। ১৯৭১ সালের ২৫ মার্চ কালোরাতে বর্বর পাকিস্তানী বাহিনীর গুলিতে তিনি নিহত হন।

**সম্পাদক: মাহমুদ আলম,** উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫